উত্তেজনাপূর্ণ উদ্বোধনী খেলায় বিজয়ী রামদেবপুর ফ্রেন্ডস ফুটবল দল

মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এর উদ্বোধনী খেলায় মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের চাঁদবীল শেরেবাংলা ফুটবল একাদশকে ট্রাইবেকারে ৭-৬ গোলে হারিয়ে দ্বিতীয় রাউন্ডে খেলার যোগ্যতা অর্জন করেছে গাংনী উপজেলার রামনগর ফ্রেন্ড ফুটবল একাদশ।

গতকাল শুক্রবার বিকেলে মেহেরপুর সরকারি কলেজ মাঠে আয়োজিত ফুটবল টুর্নামোন্টে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর পৌর সভার মেয়র মাহফুজুর রহমান রিটন।

খেলার প্রথমার্ধের ২৫ মিনিটের সময় রামদেবপুর ফ্রেন্ডস একাদশের পক্ষে মানিক একটি গোল করে দলকে ১-০ গোলে এগিয়ে নিয়ে যান। তারপর দীর্ঘ সময় অপেক্ষার পর দ্বিতীয় অর্ধের ৮ মিনিটের সময় চাঁদবীল শেরেবাংলা ফুটবল একাদশের পক্ষে রাসেল একটি দিয়ে খেলায় সমতা ফিরিয়ে আনেন। এর পর শুরু হয় আক্রমন পাল্টা আক্রমন। এসময়ের মধ্যে উভয় দলই গোল করার একাধিক সুযোগ পেলেও দু দলই গোল পোষ্ট বল প্রবেশ করাতে ব্যার্থ হয়। টান টান উত্তেজনাপূর্ণ খেলাটি শেষ অবধি ট্রাইবেকারে গড়াই।

রেফারী রবিউল ইসলামের সিদ্ধান্ত মোতাবেক দুই দলকে ৫ টি করে বল করার সুযোগ দেন। দু দলই ৪ টি করে গোল দিয়ে আবারো খেলায় সমাতা ফিরিয়ে আনেন। এর পরে রেফারি দ্বিতীয় ট্রাইবেকারে ৩ টি করে বল করার সুযোগ দেন। এতে রামদেবপুর ফ্রেন্ডস ফুটবল একাদশ পর পর দুটি গোল করলে ও চাঁদবীল শেরেবাংলা ফুটবল একাদশ পর পর দুটি গোল মিস করলে শেষ পর্যন্ত রেফারির বাঁশি রামনগর ফ্রেন্ডস ফুটবল একাদশকে বিজয়ী ঘোষণা করেন।

রামদেবপুর ফ্রেন্ডস একাদশের পক্ষে গোল করেন মোবিন, রওনক,সাহাব, আরিফুল, শামীম, হামজা ও মারুফ। এদিকে চাঁদবীল শেরেবাংলা ফুটবল একাদশের পক্ষে গোল করেন, সাকিব, হানিফ,সুজন, মহব্বত ও রাসেল।

খেলায় রেফারির দায়িত্বে ছিলেন ঝিনাইদহ থেকে আসা রেফারি রবিউল ইসলাম, সহকারি রেফারির দায়ীত্ব পালন করেন মাহাবুবুর রহমান ও

আব্বাছ আলী এবং চতুর্থ রেফারির দায়ীত্ব পালন করেন মেহেরপুরের ইয়ারুল ইসলাম।

আজ শনিবার (৩ জুন) একই মাঠে অনুষ্ঠিত হবে সদর উপজেলার কুতুবপুর ইউনিয়ন একাদশ বনাম শালিকা টাইগার ক্লাবের মধ্যেকার খেলা।

পর্দা উঠলো মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্টের

মেহেরপুর সরকারি কলেজ মাঠে গতকাল শুক্রবার বিকালে জমজমাট উদ্বোধনী অনুষ্ঠানের মধ্য দিয়ে উম্মোচিত হলো মেহেরপুরের ইতিহাসের সব চেয়ে বড় ফুটবলের আসর মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট ২০২৩।

উদ্বোধনী দিনে একদিকে খেলেছে তেঁতুলবাড়িয়া ইউনিয়নের রামদেবপুর ফ্রেন্ডস ফুটবল একাদশ বনাম আমঝুপি ইউনিয়নের চাঁদবীল শেরে বাংলা ফুটবল একাদশ।

মনোমুগ্ধকর উপস্থাপনা এবং চুয়াডাঙ্গা ও মেহেরপুরের সাবেক কৃতি ফুটবলারদের সরব উপস্থিতিতে মেহেরপুরের ফুটবল ইতিহাসের এক নতুন অধ্যায় সৃষ্টি হলো।

গতকাল শুক্রবার বিকাল ৩টায় মেহেরপুর সরকারি কলেজ ফুটবল মাঠে জাতীয় পতাকা ও ফুটবল টুর্নামেন্টের পতাকা উত্তোলন, পায়রা অবমুক্তকরণ ও শুভেচ্ছা বক্তব্যের মধ্য দিয়ে এই টুর্নামেন্টের জমজমাট উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।
টুর্নামেন্টের আহবায়ক এমদাদুল হকের সভাপতিত্বে টুর্নামেন্টের উদ্বোধন করেন, মেহেরপুর পৌর সভার মেয়র মাহফুজুর রহমান রিটন।

এসময় পৌর মেয়র বলেন, অনেক জল্পনা কল্পনা ও বাঁধা বিপত্তি পেরিয়ে এ টুর্নামেন্ট শুরু হলো। এ ফুটবল টুর্নামেন্টের মধ্যে দিয়ে মেহেরপুরের হারিয়ে যাওয়া ঐতিহ্যবাহী ফুটবল খেলা ফিরে আসবে বলে বিশ্বাস করি।

আমন্ত্রিত অতিথি ছিলেন, মেহেরপুর প্রতিদিনের প্রকাশক এম এ এস ইমন, প্রবীন ক্রীড়াবিদ রমজান আলী, প্রবীন শিক্ষক আব্দুর রহমান, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহসভাপতি আব্দুল মান্নান, সাবেক কৃতি ফুটবলার আব্দুস সামাদ, প্রিমিয়ার সুইটস এর বাংলাদেশ কান্ট্রি ডিরেক্টর মাহবুবুর রহমান বকুল, বাংলাদেশ ফুটবল ফেডারেশন (বাফুফে) কোর্স চুয়াডাঙ্গার কৃতি ফুটবলার সারোয়ার হোসেন মধু, চুয়াডাঙ্গার আরেক সাবেক কৃতি ফুটবলার হ্যাজি, মেহেরপুরের সাবেক কৃতি সাতারু হাফিজুর রহমান হাফি, সাবেক কৃতি ফুটবলার হিরক, আমিরুল ইসলাম অল্ডাম, আজমাইন হোসেন, কিসলুসহ অনেকে।

“মাঠে এসো খেলা হবে, কাপানো সেই হুংকারে” থিম সং আর মনোমুগ্ধকর পরিবেশনার মাধ্যমে শুরু হয় উদ্বোধনী অনুষ্ঠানের এই আসর।

আজ পর্দা উঠছে মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্টের

আজ শুক্রবার বিকালে জমজমাট উদ্বোধনী অনুষ্ঠানের মধ্যে দিয়ে পর্দা উঠবে মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এর। উদ্বোধনী দিনে একদিকে খেলবে তেঁতুলবাড়িয়া ইউনিয়নের রামদেবপুর ফ্রেণ্ডস একাদশ বনাম আমঝুপি ইউনিয়নের চাঁদবীল শেরেবাংলা ক্লাব।মেহেরপুর সরকারি কলেজ মাঠে জমজমাট উদ্বোধনী অনুষ্ঠানের মধ্য দিয়ে উম্মোচিত হবে মেহেরপুরের ইতিহাসের সব চেয়ে বড় ফুটবলের আসর। মনোমুগ্ধকর উপস্থাপনা এবং মেহেরপুরের কৃতি ফুটবলারদের সম্মাননা জানানোর মধ্য দিয়ে মাঠে গড়াবে মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট ২০২৩। শুক্রবার বিকাল ৩টায় শুরু হবে জমজমাট উদ্বোধনী অনুষ্ঠান।
টুর্নামেন্টের আহবায়ক এমদাদুল হক বলেন, “মাঠে এসো খেলা হবে, কাপানো সেই হুংকারে” থিম সং আর মনোমুগ্ধকর পরিবেশনার মাধ্যমে শুরু হবে মেহেরপুর কলেজ মাঠের ফুটবল খেলার উদ্বোধনী অনুষ্ঠানের এই আসর।
তিনি বলেন, ফুটবল খেলা হলো মানুষের কাছে এক দারুণ বিনোদন। আমি আশা করছি চমৎকার একটি মৌসুম কাটবে এই টুর্নামেন্ট আয়োজনের মধ্য দিয়ে।’

মেহেরপুর প্রতিদিনের ব্যবস্থাপনা সম্পাদক ও টুর্নামেন্ট আয়োজক কমিটির সদস্য সচিব মাহাবুব চান্দু বলেন, সব ধরনের প্রস্তুতি নেওয়া হয়েছে। এখন শুধু উদ্বোধনের পালা। তিনি বলেন, বর্তমান প্রজন্ম একটি মোবাইল ফোন আর ইন্টারনেট কানেকশনের মধ্যে আটকিয়ে আছে। আমাদের দেশের সকল জনপ্রিয় খেলাধুলা গুলোও এখন বিলুপ্তির পথে। এই যুগের ছেলে মেয়েরা বিনোদন থেকে বঞ্চিত হয়ে তারা বিপথে পা বাড়াচ্ছেন। আমরা আমাদের সমাজ ও দেশ হারাচ্ছেন আমাদের সোনার ছেলেদের।
তিনি আরো বলেন, মেহেরপুর প্রতিদিন শুধু সংবাদ পরিবেশনের মধ্যে দিয়ে বসে না থেকে আয়োজন করেছে মেহেরপুরের ইতিহাসের সব চেয়ে বড় ফুটবলের আসর। আমরা আশা করি এই আয়োজনের মধ্যে দিয়ে আমাদের ছেলে মেয়েরা ফিরে আসবে সেই হারানো ঐতিহ্যবাহি খেলাধুলার দিকে। আমরা এই সমাজের কল্যাণকর সব ধরনের আয়োজন করে আমাদের সেই দায় দায়ীত্ব পালন করবো। খেলাটি সুষ্ঠভাবে পরিচালনার জন্য সব ধরনের সহযোগীতা করার জন্য প্রশাসন, রাজনৈতিক নেতৃবৃন্দ ও আপামর জনসাধারণকে আহবান জানান তিনি।
টুর্নামেন্টে জেলার বিভিন্ন এলাকার ১৬টি দল অংশ নিচ্ছে। চ্যাম্পিয়ন দল পুরস্কার হিসেবে পাবে নগদ ৫০ হাজার টাকা ও ট্রফি এবং রানার্স আপ দল পাবে নগদ ৩০ হাজার টাকাসহ ট্রফি। এছাড়া রয়েছে একগুচ্ছ পুরস্কার। টুর্নামেন্টের সবগুলো খেলা একযোগে সম্প্রচার হবে রাজধানী টিভি, মেহেরপুর প্রতিদিনের ফেসবুক পেজ ও ইউটিউব চ্যানেল ও রেডিও পায়রাতে।

‘বিশ্বকাপ নিয়ে বাংলাদেশের সবাই বড় স্বপ্ন দেখছে’

সবশেষ আয়ারল্যান্ডের বিপক্ষে সিরিজে বাংলাদেশ দলের সঙ্গে যোগ দিয়েছিলেন সহকারী কোচ নিক পোথাস। টাইগারদের সহকারী কোচের দায়িত্ব পাওয়ার পর প্রথমবার বাংলাদেশের এসেছেন দক্ষিণ আফ্রিকার সাবেক এই ক্রিকেটার। আফগানিস্তান সিরিজকে সামনে রেখে প্রস্তুতি ক্যাম্প চালাচ্ছেন তিনি। কোচ হওয়ার পর বৃহস্পতিবার (১ জুন) প্রথমবারের মতো গণমাধ্যমের মুখোমুখি হন পোথাস।

বাংলাদেশ দলের কোচ হওয়ার কারণ জানিয়ে পোথাস বলেন, ‘এটা মোটেও

কোনো কঠিন সিদ্ধান্ত ছিল না। গত ১৮ মাস ধরে বাংলাদেশ দৃষ্টিনন্দন পারফরম্যান্স করছে। ছেলেদের সামর্থ্য আছে। গত ৬-৮ মাস ধরে দারুণ খেলছে। এদের সঙ্গে কাজ করা রোমাঞ্চকর।’

অক্টোবর-নভেম্বরে ভারতে অনুষ্ঠিত হবে ওয়ানডে বিশ্বকাপ। আসন্ন বিশ্বকাপ সম্পর্কে তিনি আরও বলেন, ‘সব দেশই বিশ্বকাপের জন্য খেলবে, আমার মনে হয় না আমরা ব্যতিক্রম। এই দল, বাংলাদেশ ক্রিকেট বোর্ড, খেলোয়াড়রা সবাই অত্যন্ত উচ্চাকাঙ্ক্ষী। আমরা বিশ্বকাপে নিজেদের গর্বিত করতে চাই। কে জানে বিশ্বকাপে আপনাকে কি দেয়?’

বিশ্বকাপকে ঘিরে নিজেদের পরিকল্পনা সম্পর্কে টাইগারদের সহকারী কোচ বলেন, ‘যেটা আমাদের নিয়ন্ত্রণে নেই সেটা নিয়ে আমরা ভাবছি না। যতখানি সম্ভব আমরা প্রস্তুতি নিতে চাই। প্রতিপক্ষ সম্পর্কে গবেষণা করব। নিজেদের সেরাটা দিব। যেকোনো খেলার বিশ্বকাপে আপনি এসবই করতে পারেন। আমরা যদি নিজেদের নিয়ে ভাবি তাহলে সব ঠিকঠাক হবে।’

সূত্র: ইত্তেফাক

মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট

উপলক্ষে উদ্বোধনী শোভাযাত্রা

বাদ্যের তালে তালে মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এর উদ্বোধন উপলক্ষে মেহেরপুর শহরে জমকালো উদ্বোধনী শোভাযাত্রা অনুষ্ঠিত হয়েছে।

আজ সকাল সাড়ে ১১ টার সময় উদ্বোধনী শোভাযাত্রাটি মেহেরপুর টাউন হল থেকে শুরু হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে দৈনিক মেহেরপুর প্রতিদিন অফিসে এসে শেষ হয়।

মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্টের আহবায়ক প্রবীণ খেলোয়াড় এমদাদুল হকের নেতৃত্বে অনুষ্ঠিত উদ্বোধনী শোভাযাত্রায় উপস্থিত

ছিলেন, মেহেরপুরের কৃতি ও প্রবীন খেলোয়ার মাসুদ করিম ধলস, আনোয়ারুল হক কালু, মাহবুবুল হক মন্টু, আমিরুল ইসলাম অল্ডাম, মনিরুল ইসলাম, শামীম জাহাঙ্গীর সেন্টু, জাহাঙ্গীর হোসেন, মিঠু ইসলাম, মাহবুব হোসেন ডালিম, আজমাইন হোসেন, সাইফুল আযম তাপস, মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এর সদস্য সচিব মাহাবুব চান্দু, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, বার্তা সম্পাদক জুলফিকার আলী কানন, স্টাফ রিপোর্টার এস এ সাদিক, আবু রায়হান নীরবসহ বিভিন্ন শ্রেনী পেশার উপস্থিত ছিলেন।

বিশ্বকাপে পাকিস্তানের ম্যাচ হতে পারে বাংলাদেশে

সেপ্টেম্বরে এশিয়া কাপ হওয়ার কথা পাকিস্তানে; ভারতীয় ক্রিকেট কন্ট্রোল বোর্ড (বিসিসিিআই) জানিয়েছে তারা সরকারের অনুমতি পেলে এশিয়া কাপ খেলতে পাকিস্তানে দল পাঠাবে।

বিসিসিআই এমনটি বলায় পাকিস্তান ক্রিকেট বোর্ড (পিসিবি) বলেছে, সরকার অনুমতি না দিলে আমরা বিশ্বকাপের জন্য অক্টোবরে ভারতে দল পাঠাব না।

পাকিস্তান সরকার যদি ভারতে বিশ্বকাপ খেলার অনুমতি না দেয়, সেক্ষেত্রে বিকল্পও ভেবে রেখেছে পিসিবি। তখন পাকিস্তান তাদের বিশ্বকাপের ম্যাচগুলো বাংলাদেশ বা অন্য কোনো নিরপেক্ষ ভেন্যুতে খেলতে চাইবে।

বিশ্বকাপ খেলতে পাকিস্তান ক্রিকেট দলের ভারতে না যাওয়া কিংবা নিরপেক্ষ ভেন্যুতে খেলতে চাওয়ার বিষয়টি নিয়ে বেশ চিন্তিত আইসিসি।

যে কারণে ১৫ বছর পর পাকিস্তান সফরে গেছেন আইসিসি সভাপতি গ্রেগ বার্কলে ও প্রধান নির্বাহী জিওফ অ্যালারডাইস। সফরে পাকিস্তানের বিশ্বকাপে অংশগ্রহণ নিয়ে কথা উঠে।

পাকিস্তানের ইংরেজি সংবাদমাধ্যম ‘দ্য নিউজ’ জানিয়েছে পিসিবি

চেয়ারম্যান নাজাম শেঠি স্পষ্ট ভাষায় আইসিসি সভাপতিকে জানিয়ে দিয়েছেন, পাকিস্তান সরকার যদি অনুমতি দেয় তবেই বিশ্বকাপ খেলতে তারা ভারত সফরে যাবে।

ভারতের পত্রিকা টাইমস অব ইন্ডিয়া লিখেছে- ‘আইসিসি সভাপতি ও প্রধান নির্বাহী পাকিস্তান সফরে ভারত-পাকিস্তান ম্যাচ যাতে ঢাকায় না হয়, সেজন্য সমাধান খুঁজবেন। কারণ তেমনটি হলে শুধু ভারতীয় ক্রিকেট কন্ট্রোল বোর্ডের (বিসিসিআই) ওপরই নেতিবাচক প্রভাব পড়বে না, আইসিসির ওপরও পড়বে।’

সূত্র: যুগান্তর

সৌদি ক্লাবের বড় অঙ্কের প্রস্তাবে রাজি মেসির বাবা

চলতি মৌসুম শেষেই পিএসজির সঙ্গে সম্পর্ক শেষ হচ্ছে আর্জেন্টাইন মহাতারকা লিওনেল মেসির। তবে এই বিশ্বকাপজয়ীর নতুন ঠিকানা কোথায় হবে সেটি এখনও ধোঁয়াশা। এরই মধ্যে নতুন করে ফরাসি সংবাদমাধ্যমের খবর অনুযায়ী সৌদি আরবের এক ক্লাবের ১২০ কোটি ইউরোর প্রস্তাবে রাজি হয়েছেন মেসির বাবা ও এজেন্ট জর্জ মেসি।

ফরাসি সংবাদমাধ্যম ফুত মেরকাতোর এক প্রতিবেদনে জানা যায়, আগামী দুই বছরের জন্য মেসিকে ১২০ কোটি ইউরোর প্রস্তাব দিয়েছে সৌদির একটি ক্লাব, বাংলাদেশি মুদ্রায় যার পরিমান ১৩ হাজার ৭৮০ কোটি টাকা। এতো বড় অঙ্কের প্রস্তাব পেয়ে আর না করতে পারেননি মেসির বাবা।

সৌদি আরবের ক্লাব আল হিলালের পক্ষ থেকে এর আগেই বড় অঙ্কের প্রস্তাব দেওয়া হয়েছিলো। এর আগে সংবাদমাধ্যম এএফপির এক প্রতিবেদনে জানা গিয়েছিলো আল হিলালের পক্ষ থেকে দেওয়া ৬০ কোটি ইউরোর প্রস্তাবে রাজি হয়েছে মেসি। তবে সেই খবর মিথ্যা বলে জানিয়ে দেওয়া হয়েছিলো মেসির পক্ষ থেকে।

তবে গতবারের চেয়ে মেসিকে দেওয়া এবারের প্রস্তাবে টাকার অঙ্কটা একেবারে দ্বিগুন। এমন লোভনীয় প্রস্তাবে মেসির বাবার রাজি হওয়াটা অস্বাভাবিক নয়।

এদিকে নিজের পুরোনো ঠিকানা বার্সেলোনায় ফেরার জোর গুঞ্জন রয়েছে মেসিকে নিয়ে। তবে লা লিগার আর্থিক নীতির কারণে মেসিকে দলে ফেরাতে এখনও অফিসিয়াল কোনো প্রস্তাব দেয়নি বার্সা কর্তৃপক্ষ।

সূত্র: ইত্তেফাক

মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্টের ট্রফির মোড়ক উন্মোচন

আড়ম্বর পরিবেশে মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট-২০২৩ এর ট্রপির মোড়ক উন্মোচন করা হয়েছে।

আজ সোমবার (২৯ মে) বেলা দেড়টার সময় মেহেরপুর পৌর কমিউনিটি হলে টুর্নামেন্টের ট্রফির মোড়ক উন্মোচন করা হয়।

এসময় প্রতিযোগীতায় অংশগ্রহণকারী ১৬ টি ফুটবল একাদশকে একটি করে ফুটবল প্রদান করা হয়।

মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্টের আহবায়ক প্রাক্তন মো. ফুটবলার এমদাদুল হকের সভাপতিত্বে অনুষ্ঠিত ট্রফি মোড়ক উন্মেচন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন, বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন আব্দুল মালেক (অব), বীরমুক্তিযোদ্ধা ও প্রাক্তন কৃতি ফুটবলার ইঞ্জিনিয়ার নুরুল ইসলাম, মেহেরপুর পৌর সভার সাবেক মেয়র আব্দুর রহমান, অবসরপ্রাপ্ত শিক্ষক ও প্রাক্তন ফুটবলার আব্দুর রহমান, অবসরপ্রাপ্ত ব্যাংক কর্মকর্তা আব্দুস ছামাদ।

ফুটবল টুর্নামেন্টের সদস্য সচিব মাহাবুব চান্দুর সঞ্চালনায় অনুষ্ঠিত আলোচনা সভায় স্বাগত বক্তব্য রাখেন মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন।

মেহেরপুরের সিনিয়র সাংবাদিক রফিক উল আলম, তোজাম্মেল আযম, বিভিন্ন ফুটবল টিমের সদস্যসহ বিভিন্ন প্রিন্ট, টেলিভিশন ও অনলাইন পোর্টালের সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

ডর্টমুন্ডের স্বপ্নভঙ্গ করে শিরোপা জিতলো বায়ার্ন

জামাল মুসিয়ালার শেষ মুহূর্তের গোলে কোলনকে ২-১ গোলে হারিয়ে বুন্দেসলিগার শিরোপা ধরে রাখলো বায়ার্ন মিউনিখ। আর এই জয়ে কপাল পড়েছে বরুসিয়া ডর্টমুন্ডের। ঘরের মাঠে মেইঞ্জের সঙ্গে ২-২ গোলে ড্র করায় আগের রাতে টেবিলে এগিয়ে থাকা ডর্টমুন্ড শিরোপা বঞ্চিত হয়েছে।

জার্মান ফরোয়ার্ড মুসিয়ালা দীর্ঘদিন দলের এই জয় মনে রাখবেন। কারণ তার গোলেই বুন্দেসলিগায় বায়ার্নের টানা ১১তম শিরোপা নিশ্চিত হয়েছে। মৌসুম শেষে চির প্রতিদ্বন্দ্বী ডর্টমুন্ডের সঙ্গে সমান ৭১ পয়েন্ট থাকলেও গোল ব্যবধানে এগিয়ে থেকে শিরোপা ধরে রাখে বাভারিয়ানরা।

জিততে পারলেই ডর্টমুন্ডের শিরোপা নিশ্চিত হয়ে যেত। কিন্তু ২৫ মিনিটের মধ্যে তারা ২-০ গোলে পিছিয়ে পড়ে। তার উপর স্ট্রাইকার সেবাস্টিয়েন হলার পেনাল্টির সুযোগ হাতছাড়া করেছেন। নাহলে ১৯ মিনিটেই সমতায় ফিরতে পারতো সফরকারীরা। দ্বিতীয়ার্ধে অবশ্য দুই গোল পরিশোধ করে ডর্টমুন্ড। কিন্তু এই এক পয়েন্ট শিরোপার জন্য যথেষ্ঠ ছিল না।

বায়ার্ন ম্যানেজার থমাস টুখেল গণমাধ্যমে বলেছেন, ‘শিরোপা জয়ের পর উদযাপনটা কঠিন ছিল। কারণ ক্লাবের পক্ষ থেকে শিরোপা জয় সত্বেও প্রধান নির্বাহী অলিভার কান ও স্পোর্টিং ডাইরেক্টর হাসান

সালিহামিডিজের বরখাস্তের ঘোষণা এসেছে। জয়ের উৎসব বাদ দিয়ে এখন আমাদের অন্য বিষয় নিয়ে কথা বলতে হচ্ছে। গতকালই আমি এই সিদ্ধান্ত জানতে পেরেছি।’

ডর্টমুন্ডের ম্যানেজার এডিন টারজিক বলেছেন, ‘এই ধরনের বিষয় মেনে নেওয়া সত্যিই কঠিন।’ শেষ দিনে মাঠে নামার আগে ডর্টমুন্ড দুই পয়েন্টে এগিয়ে টেবিলের শীর্ষে ছিল। বায়ার্ন জানতো শুধুমাত্র জয়ই তাদের শিরোপা ধরে রাখতে সহায়তা করবে। একইসঙ্গে ডর্টমুন্ডের পরাজয়ের আশাও তারা করেছে।

ফরাসি ফরোয়ার্ড কিংসলে কোম্যান ম্যাচের আট মিনিটে এগিয়ে দেন বায়ার্নকে। ম্যাচ শেষের ১০ মিনিট আগে ডিয়ান লুবিসিট পেনাল্টি থেকে কোলনকে সমতায় ফেরান। কিন্তু শেষ মিনিটে মুসিয়ালার গোলে বায়ার্নের শিরোপা নিশ্চিত হয়।

দিনের শুরুতে সিগন্যাল ইদুনা পার্কে ডর্টমুন্ডের শুরুটা দারুণ হয়েছিল। কিন্তু ১৫ মিনিটে কর্ণার থেকে আন্দ্রেস হাঞ্চে-ওলসেনের গোলে পিছিয়ে পড়ে ডর্টমুন্ড। চার মিনিট পর রাফায়েল গুয়েরেইরোকে ফাউলের অপরাধে ডর্টমুন্ড পেনাল্টি আদায় করে নেয়। কিন্তু হলার সেই সুযোগ হাতছাড়া করলে সমতায় ফেরা হয়নি ডর্টমুন্ডের। ২৪ মিনিটে করিম ওনিসিও পোস্টের খুব কাছে থেকে হেডের সাহায্যে বল জালে জড়িয়ে মেইঞ্জের ব্যবধান দ্বিগুন করেন।

আগের তিন ম্যাচে ১৫ গোল করা ডর্টমুন্ডকে এসময় কিছুটা নার্ভাস দেখা গেছে। গোলমুখে গিয়ে বারবার তারা ব্যর্থ হয়েছে। আর এই সুযোগে কাউন্টার অ্যাটাক থেকে একের পর এক আক্রমণ করে গেছে মেইঞ্জ। ম্যাচ শেষের ১০ মিনিট আগে গুয়েরেইরো স্বাগতিকদের লড়াইয়ে ফেরার স্বপ্ন দেখান। ইনজুরি টাইমের ষষ্ঠ মিনিটে নিকোলাস এক গোল করলে ডর্টমুন্ড সমতায় ফেরে। কিন্তু জয় বঞ্চিত হয়ে শিরোপা ছোঁয়া আর হলো না।

সূত্র: ইত্তেফাক

১০০ ও ২০০ মিটার অ্যাথলেটিক্স বিভাগী পর্যায়ে প্রথম গাংনীর রিমন

বঙ্গবন্ধু জাতীয় জুনিয়র অ্যাথলেটিক্স প্রতিযোগিতায় “অনূর্ধ্ব ১৫” বিভাগীয় পর্যায়ে প্রতিযোগিতায় গাংনীর ঐতিহ্যবাহি জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র রিমন হোসাইন ১০০ মিটার এবং ২০০ মিটার দৌড় প্রতিযোগিতায় খুলনা বিভাগীয় পর্যায়ে প্রথম স্থান হওয়ার গৌরব অর্জন করেছে।

ক্রীড়া পরিদপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উদ্যোগে আজ শনিবার সকালে খুলনা বিভাগীয় স্টেডিয়ামে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাসান আল নুরানী এই তথ্য নিশ্চিত করেছেন।

রিমন হোসাইন জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের ১০ম শ্রেণীর ছাত্র ও এই উপজেলার চরগোয়াল গ্রামের কামরুল ইসলামের ছেলে।

রিমন হোসাইন ১০০ মিটার এবং ২০০ মিটার দৌড় প্রতিযোগিতায় খুলনা বিভাগীয় পর্যায়ে প্রথম স্থান হওয়ার গৌরব অর্জন করায় বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাসান আল নূরানী তাকে অভিনন্দন জানিয়েছেন।